৩২

তারিখ 24 MAR 1996
পৃষ্ঠা ১ কলাম ৭

দৈনিক বাংলা

# ৭ এপ্রিল থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা

সরকার ১৯৯৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও দাখিল পরীক্ষার তারিখ পরিবর্তন করেছে। ২৮ মার্চের পরিবর্তে ৭ এপ্রিল থেকে এ পরীক্ষা শুরু হবে। খবর বাসস'র।

শনিবার শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল পরীক্ষা সংক্রান্ত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার রফিকুল ইসলাম মিয়া সভায় সভাপতিত্ব করেন।

চলতি বছর দেশের এক হাজার ৪৫ টি কেন্দ্রে মোট পাঁচ লাখ ৫৩ হাজার ছাত্র-ছাত্রী এসএসসি ও দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করবে।

সভায় দেশের বিদ্যমান পরিস্থিতির পর্যালোচনা করা হয় এবং পবিত্র ঈদুল আযহার পূর্বে ২৫ এপ্রিলের মধ্যে পরীক্ষা গ্রহণ শেষ করতে হবে বলে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সভায় অভিমত ব্যক্ত করা হয় যে আগামী ৭ এপ্রিল পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে

(৫-এর পৃঃ দ্রঃ)

## ৭ এপ্রিল থেকে এসএসসি ও দাখিল পরীক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষার্থীদের প্রবেশপত্র, উত্তর-পত্র, প্রশ্নপত্র ও সংশ্লিষ্ট জিনিসপত্র পাঠানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আগামী ১ এপ্রিল থেকে সংশ্লিষ্ট শিক্ষক, শিক্ষা বোর্ডের কর্মকর্তা ও পরীক্ষা গ্রহণের সঙ্গে জড়িত অন্যান্য সরকারী কর্মকর্তাদের যাতায়াতের বিষয়টি নিশ্চিত করতে হবে।

সভায় জাতির বৃহত্তর স্বার্থে ও পরীক্ষার্থীদের কল্যাণে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষা গ্রহণের জিনিসপত্র ও এর সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিরাপদে যাতায়াতের জন্য জনগণের কাছে বিশেষ করে সকল রাজনৈতিক দলের নেতা, শিক্ষক, অভিভাবক, ছাত্র এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের সহযোগিতা কামনা করা হয়।

সভায় শিক্ষা সচিব এরশাদুল হক, অতিরিক্ত সচিব এম শহিদুল আলম, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এম ফয়জুর রহমান চৌধুরী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার মহাপরিচালক বেগম রশিদা বেগম, ঢাকার বিভাগীয় কমিশনার, ঢাকার জেলা প্রশাসক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানগণ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলাম, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির (বাতেন গ্রুপ) মহাসচিব বেগম মোমেনা খাতুন, বাংলাদেশ সরকারী কলেজ সমিতির সভাপতি ও জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের সিনিয়র সহসভাপতি অধ্যক্ষ এম মোজাফফর হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির (আমান-উল্লাহ) সহসভাপতি আজিজুল ইসলাম, বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির মহাসচিব এম আবদুল আউয়াল তালুকদার, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির প্রতিষ্ঠাতা মহাসচিব অধ্যাপক এম শরিফুল ইসলাম, বাংলাদেশ জমিয়তুল মোদাররেসিনের মহাসচিব মওলানা এম এ লতিফ, বাংলাদেশ জাতীয়তাবাদী শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতির সহসভাপতি আলহাজ্ব মওলানা একে এম নূরুল ইসলাম উপস্থিত ছিলেন।

এ ছাড়াও সভায় সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সম্পাদক এ কে এম শাহজাহান, সহকারী শিক্ষক সমিতির মহাসচিব কে এম জামালুদ্দীন, বাংলাদেশ শিক্ষক ফোরামের সভাপতি এম বদরুদ্দীন হাওলাদার, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব এম আজিজুল হক শাহ, বাংলাদেশ সরকারী শিক্ষক সমিতির মহাসচিব জামালউদ্দিন, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সহসভাপতি অধ্যক্ষ চৌধুরী শহীদ হোসেন, সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এম নজরুল ইসলাম, বাংলাদেশ শিক্ষক সমিতির যুগ্ম মহাসচিব এম এ জলিল, বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সম্পাদক এম তোহা এবং ঢাকার শতাধিক সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকাগণ যোগ দেন।